গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গুরুদাসপুর, নাটোর

স্মারক নং- ০৫.৪৩.৬৯৪১.০০০.০০.০০০.২৩-২৪৯

তারিখঃ ০৮ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
২২ মার্চ, ২০২৩ খ্রিঃ

জলমহাল ইজারার পুনঃবিজ্ঞপ্তিঃ

ভূমি মন্ত্রণালয়, শাখা নং-০৭ এর ২৩ জুন, ২০০৯ সরকারি জল মহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ প্রজ্ঞাপন মোতাবেক গুরুদাসপুর উপজেলা মৎস্য চাষে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি এবং মন্ত্রণালয়ের ১৪/০৩/১২ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.০২০.০৯.২২৩ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ২০(কুড়ি) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল/পুকুর ইজারা প্রদানের জন্য কোন মৎস্যজীবি সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থপনার অনুকূলে কেবল মাত্র কোন যুবক, মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা বিধবা বা স্বামী পরিত্যাক্তা আনসার ভিডিপি ও গ্রাম্য পুলিশ সদস্য, দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তিদের সমন্বয়ে গঠিত সমিতির অনুকূলে ইজারা প্রদানের লক্ষ্যে গুরুদাসপুর উপজেলাধীন নিম্নবর্ণিত জলমহাল/পুকুর বাংলা ১৪৩০-১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩(তিন) বৎসর মেয়াদী ইজারা প্রদানের জন্য সীলমোহরযুক্ত খামে আবেদন ফরম আহবান করা যাচ্ছে। আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর, জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের কার্যালয়ের রাজস্ব শাখা এবং সহকারী কমিশনার(ভূমি), গুরুদাসপুর, নাটোর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ক্রয় করা যাবে। ক্রয় করার সময় সমিতির মূল রেজিস্ট্রেশন পত্র প্রদর্শন করতে হবে। সমিতির সভাপতি/সম্পাদক যে কোন একজন সংশ্লিষ্ট জলমহালের আবেদন ফরম ক্রয় করতে পারবেন। তবে অন্যকোন সমিতির অনুকূলে আবেদন ফরম ক্রয় করা যাবে না। আবেদন ফরম ক্রয়কারী সমিতি তার নিজ সমিতি ছাড়া অন্য কোন সমিতির নামে আবেদন ফরম ক্রয় করতে পারবে না। আবেদন ফরম দাখিলের পূর্বদিন পর্যন্ত আবেদন ফরম ক্রয় করা যাবে। প্রতিটি আবেদন ফরম অফেরত যোগ্য ৫০০(পাঁচ শত) টাকার মূল্যের পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যামে ক্রয় করতে হবে। আবেদন ফরমের সাথে যে কোন তফসিল ভূক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর অনুকূলে ০৩(তিন) বছরের দরের ২০% অর্থ জামানত হিসেবে পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে। ইজারা প্রাপ্ত সমিতির দাখিলকৃত পে অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত দেওয়া হবে না। আবেদন ফরম সমূহ ধার্য তারিখের দুপুর ১.০০ পর্যন্ত নিম্নস্বাক্ষর কারীর কার্যালয়, জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের কার্যালয়ের রাজস্ব শাখা এবং সহকারী কমিশনার(ভূমি) গুরুদাসপুর, নাটোর কার্যালয়ে রক্ষিত বাক্সে আবেদন ফরম দাখিল করা যাবে। ঐ দিন বেলা ২.০০ ঘটিকায় দাখিলকৃত আবেদন ফরম একত্রিত করে আবেদন ফরম আবেদনকারীর সম্মুখে (যদি কেহ উপিস্থিত থাকেন) খোলা হবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়ে জানা যাবে। আবেদন ফরম দাখিলের ক্যালেন্ডার নিম্নে দেয়া হলো। ১ম দফায় অইজারাকৃত খাস পুকুর ইজারা প্রদানের জন্য পুনঃবিজ্ঞপ্তি দেওয়া হলো। কর্তৃকপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন ফরম/দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।
বাংলা ১৪৩০-১৪৩২ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদী খাস পুকুর/বদ্ধ জলমহাল ইজারার বিবরণঃ

আবেদন বিক্রয়ের তারিখ	আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময়
২৩-০৩-২০২৩ খ্রি.তারিখ হতে ২৯/০৩/২০২৩ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	৩০-০৩-২০২৩ খ্রি.তারিখ দুপুর ১২.০০টা পর্যন্ত । ঐ দিন বেলা ১.৩০ টায় খোলা ও যাচাই বাছাই করা হবে ।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	ইজারা যোগ্য জলমহালের নাম	মৌজার নাম	দাগ নং	পরিমাণ (একরে)	মোট মূল্য	৫% বৃদ্ধিতে সম্ভাব্য মূল্য (প্রতি বছরের জন্য)	৫% বৃদ্ধিতে সম্ভাব্য মূল্য (প্রতি তিন বছরের জন্য)	ইজারার মেয়াদ
৩	চাপিলা	গৌড় পুকুর	বৃ-চাপিলা	১৬৯০	০.২৬	১,০৩৪/-	৩৬৩/-	১,০৮৯/-	ঐ
৪	চাপিলা	রুপবান পুকুর	সাধুপাড়া	৬৮	০.৩৪	১,৫৭৬/-	৫৫৩/-	১,৬৫৯/-	ঐ
৫	চাপিলা	মুদগাড়ী পুকুর	চালা	১২	০.৪৫	৬,৫১৬/-	২,২৮১/-	৬,৮৪৩/-	ঐ
৬	চাপিলা	মাদারী পুকুর	সাধুপাড়া	৪০	০.৫৯	১৯,৫০০/-	৬,৮২৫/-	২০,৪৭৫/-	ঐ

CamScanner

শর্তাবলী ঃ

০১। বিজ্ঞপ্তি প্রকাশের ০৪(চার) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের নির্ধারিত ফরমে আবেদনপত্র জমা প্রদান করতে হবে।

০২। আবেদনসমূহ নির্ধারিত মূল্য-৫০০(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রতিবার আবেদনপত্র দাখিলের পূর্ব কার্যদিবস অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে।

০৩। দাখিলকৃত আবেদনে প্রার্থীত জলমহালের বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৪। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবি সমিতি/সমবায় সমিতি বা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

০৫। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সমিতিকে তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ), কার্যনির্বাহী কমিটির সদস্যদের নামের তালিকা (ছবি ও ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।

০৬। প্রকৃত মৎস্যজীবিদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি কোন সদস্য যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন, তবে সমিতি কোন সরকারি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবেন না।

০৭। আবেদনকারী কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি/সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তা হলে উক্ত সমিতির জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং সাথে বিগত ২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/ সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

০৮। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন না পাওয়া যায় তা হলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

০৯। লীজগ্রহিতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি/তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করে থাকে, তাহলে নিম্নস্বাক্ষরকারী উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহিতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১০। কোন মৎস্যজীবী সমবায় সমিতি /সংগঠন/সমিতির দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১১। নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বিজ্ঞপ্তিতে অর্ন্তভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ৩(তিন) বছরের সর্বমোট ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট পে-অর্ডার জামানত হিসেবে আবেদন এর সাথে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকার সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১২। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারের ১৫% ভ্যাট ও ১০% আয়কর লীজমানির সাথে প্রদান করতে হবে।

১৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৪। জলমহাল ও জলমহালে ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় এ অফিসে জানা যাবে।

১৫। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

22/3/26

(শ্রাবণী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গুরুদাসপুর, নাটোর

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গুরুদাসপুর, নাটোর।
gurudaspur.natore.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৬৯৪১.০০০.০০.০০০.২৩-২৪১

তারিখঃ ০৮ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
২২ মার্চ, ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৬১ নাটোর ৪ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, গুরুদাসপুর, নাটোর।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, নাটোর।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নাটোর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর।
৭। মেয়র, গুরুদাসপুর পৌরসভা, নাটোর।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরিত হলোঃ

৮। সহকারী কমিশনার (ভূমি), গুরুদাসপুর, নাটোর।
৯। উপজেলা ..... অফিসার, গুরুদাসপুর, নাটোর।
১০। চেয়ারম্যান, নাজিরপুর ও চাপিলা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, নাজিরপুর ও চাপিলা ইউনিয়ন ভূমি অফিস, গুরুদাসপুর, নাটোর।
১২। সভাপতি/সম্পাদক ..... মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, গুরুদাসপুর, নাটোর।
১৩। জনাব ..... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, গুরুদাসপুর, নাটোর।
১৪। নোটিশ বোর্ড/অফিস কপি।

22/3/23

(শ্রাবণী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গুরুদাসপুর, নাটোর
ফোন-০৭৭২৪-৭৪০০১

CamScanner